



নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের প্রেরণা পৌঁছানো জরুরি: প্রধান উপদেষ্টা



ছবি: সংগৃহীত

রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় মুক্তিযোদ্ধা সংগঠনগুলোর প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেন, নতুন প্রজন্মকে জানতে হবে দেশ কীভাবে স্বাধীন হয়েছে। মুক্তিযুদ্ধের স্মৃতি ও প্রেরণা প্রজন্মান্তরে ধরে রাখতে এখন থেকেই পরিকল্পনা প্রয়োজন। তিনি জানান, দায়িত্ব নেওয়ার পর প্রকৃত মুক্তিযোদ্ধা শনাক্ত ও ভূয়া তালিকা বাতিলে উদ্যোগ নেওয়া হয়েছে, যাতে মুক্তিযোদ্ধাদের সম্মান অক্ষুণ্ণ থাকে এবং প্রতিষ্ঠানগুলো আবার কার্যকর ভূমিকা পায়।

মুক্তিযুদ্ধ বিষয়ক উপদেষ্টা ফারুক ই আজম বলেন, অতীতে বিভ্রান্তি ও বঞ্চনার কারণে মুক্তিযোদ্ধাদের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হয়েছিল; তা পুনরুদ্ধারে কাজ চলছে। বীর মুক্তিযোদ্ধারা প্রধান উপদেষ্টার সংস্কার উদ্যোগ ও গণভোট আয়োজনের প্রশংসা করে জানান, পরিবর্তন বাস্তবায়নে তারা 'হ্যাঁ' ভোটের পক্ষে প্রচার করবেন। তারা মুক্তিযুদ্ধের ইতিহাস তরুণদের কাছে ছড়িয়ে দিতে স্মৃতি-সংরক্ষণ, সম্পদ যাচাই ও প্রাতিষ্ঠানিক সংস্কারে চলমান কাজের কথাও তুলে ধরেন। প্রধান উপদেষ্টা বলেন, সংগঠনগুলোকে শক্তিশালী করে মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণে সম্পদ কাজে লাগাতে হবে এবং নাগরিক হিসেবেও দায়িত্ব পালন করতে হবে। তিনি যোগ করেন, দায়িত্ব না থাকলেও দেশের জন্য কাজ করে যাবেন।